ভোরের কাগজ

তারিখ 24 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ৫

44

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে বিতর্কিত রাষ্ট্রপতির আগমন ঠেকাতে 'রাজাকার প্রতিরোধ কমিটি' গঠিত

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে আমানুর আমান : আগামী ২৯ আগস্ট ইসলামী বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রপতি আব্দুর রহমান বিশ্বাসের আগমনকে কেন্দ্র করে বিশ্ববিদ্যালয়ে বিরূপ প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে। এ পর্যন্ত দেশের বিশ্ববিদ্যালয়গুলোতে অনুষ্ঠিত সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতির উপস্থিতি ছাত্ররা মেনে নেয়নি। এবং রাষ্ট্রপতি উপস্থিতও হতে পারেনি। যা স্বাধীনতা যুদ্ধে বিতর্কিত ভূমিকার জন্যে রাষ্ট্রপতি হারিয়েছে তার গ্রহণযোগ্যতা। তাই মুক্তিযুদ্ধের স্বপক্ষের সংগঠনগুলো ইতিমধ্যে বিতর্কিত রাষ্ট্রপতির ইসলামী বিশ্ববিদ্যালয়ে আগমনের কঠোর সমালোচনা করেছে। এ ব্যাপারে তারা উপাচার্যকে স্মারকলিপি পেশের মাধ্যমে জানিয়েছে যে, তারা ইসলামী বিশ্ববিদ্যালয়ে ঐ বিতর্কিত ব্যক্তিকে প্রতিরোধ করবে। এ প্রেক্ষিতে তারা ঐকমত্যের ভিত্তিতে 'রাজাকার প্রতিরোধ কমিটি' গঠন করেছে। মুক্তিযুদ্ধের স্বপক্ষে যেসব ছাত্র সংগঠনগুলা সংগঠিত হয়েছে সেগুলো হচ্ছে ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্র মৈত্রী, জাতীয় ছাত্রদল, ছাত্রলীগ (জাসদ), সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট।